



MEMORANDUM OF UNDERSTANDING

between

Bangladesh Accreditation Council, Bangladesh

And

the Quality Assurance Agency for Higher Education (QAA), UK

The Quality Assurance Agency for Higher Education (QAA): QAA ১৯৯৭ সালে প্রতিষ্ঠিত যুক্তরাজ্যের উচ্চ শিক্ষার জন্য গুণমান নিশ্চিতকরণ খাতের স্বাধীন বিশেষজ্ঞ সংস্থা। QAA-এর উদ্দেশ্য হল একাডেমিক মান বজায় রাখা এবং UK উচ্চ শিক্ষার গুণমান এবং বিশ্বব্যাপী সুনাম বৃদ্ধি করা।

Memorandum of Understanding (MoU): ৩০ জুন ২০২২ খ্রিষ্টাব্দ তারিখ বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল এবং যুক্তরাজ্যের Quality Assurance Agency for Higher Education (QAA) মধ্যে একটি Memorandum of Understanding (MoU) বা সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের পক্ষে চেয়ারম্যান Professor Dr. Mesbahuddin Ahmed এবং QAA এর পক্ষে Chief Executive Officer Ms Vicki Stott (UK) সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। সমঝোতা স্মারকের মাধ্যমে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের সক্ষমতা বৃদ্ধি পাবে এবং কাউন্সিলের কার্যক্রম পরিচালনা ও আন্তর্জাতিক স্বীকৃতি অর্জন সহজতর হবে। স্বাক্ষরিত সমঝোতা স্মারকে সুনির্দিষ্টভাবে নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহে সহযোগিতা বৃদ্ধির লক্ষ্য নির্ধারণ করা হয়েছে:

- উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের মূল্যায়ন এবং স্বীকৃতির ক্ষেত্রে অভিজ্ঞতা অর্জন।
- নির্বাচিত কোয়ালিটি অ্যাসুরেন্স (কিউএ) প্রফেশনালস্ বিনিময় এবং তাঁদের প্রশিক্ষণ।
- কোয়ালিটি অ্যাসুরেন্স ও এর উন্নয়নে অংশগ্রহণের সুযোগ সৃষ্টিকরণ।
- পরস্পরের কোয়ালিটি অ্যাসুরেন্স প্রক্রিয়াগুলো পর্যবেক্ষণ এবং গুণমান উন্নয়ন কার্যক্রম গ্রহণের লক্ষ্যে ওয়ার্কশপ আয়োজন।
- উচ্চ শিক্ষার গুণমান নিশ্চিতকরণ, উন্নয়ন এবং স্বীকৃতি সম্পর্কিত বিষয়ে তথ্য এবং মত বিনিময়।
- উচ্চ শিক্ষার গুণমান নিশ্চিতকরণ, উন্নয়ন এবং স্বীকৃতি সম্পর্কিত বিষয়ে প্রযুক্তিগত সহায়তা প্রদান।
- উচ্চ শিক্ষার গুণমান নিশ্চিতকরণ, উন্নয়ন এবং স্বীকৃতি সংক্রান্ত বিষয়ে আন্তর্জাতিক সম্মেলন/সেমিনার আয়োজনে সহায়তা প্রদান।